গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd
১৬ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০

----

| | |
|---|---|
| সভাপতি | আ.স.ম আশরাফুল আলম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | **১৯ মার্চ ২০২৫** |
| সভার সময় | **সকাল ১১:০০ টা** |
| স্থান | রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং-৯০৮) |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার কার্যক্রম নং-১.১ অনুসারে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম ০১ (এক) টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। এর প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হয়। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে মোট ০৯ (নয়) টি উদ্ভাবনী ধারণা পাওয়া যায় যা নিম্নরূপঃ

| ক্রমিক | উদ্ভাবনের নাম | উদ্ভাবকের নাম |
|---|---|---|
| ০১। | Design of Concrete Block for Level Crossing Gates to ensure Safe Movement of All type of Vehicles | জনাব কাজি মোস্তাফিজুর রহমান,<br>নির্বাহি প্রকৌশলী, খুলনা-দর্শনা ডাবল লাইন প্রকল্প<br>বাংলাদেশ রেলওয়ে |
| ০২। | বাংলাদেশ রেলওয়ের জন্য GEO Information Map of Bangladesh Railway Network | জনাব কাজি মোস্তাফিজুর রহমান,<br>নির্বাহি প্রকৌশলী, খুলনা-দর্শনা ডাবল লাইন প্রকল্প<br>বাংলাদেশ রেলওয়ে |
| ০৩। | New semi-permanent Ballast Wall | জনাব কাজি মোস্তাফিজুর রহমান,<br>নির্বাহি প্রকৌশলী, খুলনা-দর্শনা ডাবল লাইন প্রকল্প<br>বাংলাদেশ রেলওয়ে |
| ০৪। | Climate Resilient Railway Track | জনাব কাজি মোস্তাফিজুর রহমান,<br>নির্বাহি প্রকৌশলী, খুলনা-দর্শনা ডাবল লাইন প্রকল্প<br>বাংলাদেশ রেলওয়ে |
| ০৫। | সল্পখরচে দেশীয় প্রযুক্তিতে ইলেকট্রিক লিফটিং জ্যাক উদ্ভাবন | জনাব মো: তাসরুজ্জামান বাবু,<br>বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (লালমনিরহাট)<br>বাংলাদেশ রেলওয়ে |
| ০৬। | সল্পখরচে দেশীয় প্রযুক্তিতে রি-রেইলিং ইকুইপমেন্ট উদ্ভাবন | জনাব মো: তাসরুজ্জামান বাবু,<br>বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (লালমনিরহাট)<br>বাংলাদেশ রেলওয়ে |

| | | |
|---|---|---|
| ০৭। | বাংলাদেশ রেলওয়েকে সময়োপযোগী, চাহিদা ভিত্তিক একটি উন্নত পরিবহন ব্যবস্থা ও লাভজনক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার বাস্তব ভিত্তিক পরিকল্পনা | জনাব মো: শহিদুল ইসলাম,<br>চীফ অপারেটিং সুপারিনটেনডেন্ট (পূর্ব)<br>বাংলাদেশ রেলওয়ে |
| ০৮। | টিকেট বিহীন যাত্রী যাতায়াত প্রতিরোধে রেল স্টেশনে ট্রেন পার্কিং এরিয়ায় ফেন্সিং সিস্টেম চালুকরণ | জনাব মো: আলী আকবর,<br>সহকারি সচিব, আইন- শাখা<br>রেলপথ মন্ত্রণালয় |
| ০৯। | টিকেট কালোবাজারী ও কর্মচারীদের দুর্নীতি রোধকল্পে সকল রেল স্টেশনে অনলাইন টিকেট কাউন্টার চালুকরণ | জনাব মো: আলী আকবর,<br>সহকারি সচিব, আইন- শাখা<br>রেলপথ মন্ত্রণালয় |

০২। সভাপতি জানান যে, প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ Short listing করার নিমিত্ত অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) , রেলপথ মন্ত্রণালয়ের উপস্থিতিতে উদ্ভাবকগণ সম্ভাব্য বাজেটসহ বিস্তারিত উপস্থাপন করবেন। উক্ত উদ্ভাবনী ধারণা হতে ২/১ টি ধারণা চূড়ান্তকরণ পূর্বক বাস্তবায়ন করতে হবে।

০৩। সভায় উপস্থাপিত উদ্ভাবনী ধারণা পর্যালোচান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

**(ক)** উপস্থাপিত ০৯ **(**নয়) টি উদ্ভাবনী ধারণা হতে ক্রমিক নং: ১-৭ পর্যন্ত মোট ০৭ (সাত) টি ধারণা প্রাথমিকভাবে বাছাই করা হয় ।

**(খ)** বর্ণিত উদ্ভাবনী ধারণাসমূহ আগামী সভায় সম্ভাব্য বাজেটসহ পূর্ণাঙ্গরূপে উপস্থাপনের জন্য উদ্ভাবকগণকে আমন্ত্রণ জানাতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-০৩-২০২৫
আ.স.ম আশরাফুল আলম
অতিরিক্ত সচিব

**নম্বর:** ৫৪.০০.০০০০.০০০.০১৫.০৬.০০০১.২২.২৩

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব, ভূমি অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
২। উপসচিব, প্রশাসন-৫ শাখা, রেলপথ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়।
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়।

২৭-০৩-২০২৫
পল্লব কুমার সরকার
সহকারী প্রোগ্রামার